

০৮

# প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৫

তারিখ : ২৮.০৮.২০১৫ সেট : ১ সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

## যে সকল জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

মাদারীপুর, লক্ষ্মীপুর, কক্সবাজার, পিরোজপুর, ঝালকাঠি, বরগুনা, জয়পুরহাট, চুয়াডাঙ্গা, মাগুরা, শেরপুর, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, রাজবাড়ী, ভোলা, পঞ্চগড়, বাগেরহাট।

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

**০১. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে যোগফল ৯০ হয়। সংখ্যাটি কত?**

ক. ১৬ খ. ১৮
গ. ২০ ঘ. ২৪

উত্তর ✓ খ ব্যাখ্যা মনে করি, সংখ্যাটি x

প্রশ্নমতে, ৩x+২x = ৯০

$\Rightarrow$ ৫x = ৯০

$\Rightarrow x = \frac{৯০}{৫} = ১৮$

**০২. দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে, বড় সংখ্যাটি কত?**

ক. ৭০ খ. ৮০
গ. ৯০ ঘ. ১০০

উত্তর ✓ ঘ ব্যাখ্যা মনে করি, ছোট সংখ্যা a

∴ বড় সংখ্যা (a+1)

প্রশ্নমতে, $(a+1)^2 - a^2 = ১৯৯$

$\Rightarrow a^2+2a+1-a^2 = ১৯৯$

$\Rightarrow 2a = ১৯৯ - ১ = ১৯৮$

$\Rightarrow a = \frac{১৯৮}{২} = ৯৯$

∴ বড় সংখ্যা (৯৯+১) = ১০০

**০৩. ৮, ১১, ১৭, ২৯, ৫৩, .... পরবর্তী সংখ্যাটি কত?**

ক. ১০১ খ. ১০২
গ. ৭৫ ঘ. ৫৯

উত্তর ✓ ক ব্যাখ্যা

৮ ১১ ১৭ ২৯ ৫৩ ১০১
অন্তর ৩ ৬ ১২ ২৪ ৪৮

**০৪. a + b = 5 এবং a − b = 3 হলে ab এর মান কত?**

ক. 2 খ. 3
গ. 4 ঘ. 5

উত্তর ✓ গ ব্যাখ্যা আমরা জানি,

$ab = \left(\frac{a+b}{2}\right)^2 - \left(\frac{a-b}{2}\right)^2$

$= \left(\frac{5}{2}\right)^2 - \left(\frac{3}{2}\right)^2$

$= \frac{25}{4} - \frac{9}{4}$

$= \frac{25-9}{4}$


$= \frac{16}{4}$

$= 4$

**০৫. যে চতুর্ভুজের বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয়, তাকে কি বলে?**

ক. সামান্তরিক খ. রম্বস
গ. ট্রাপিজিয়াম ঘ. আয়তক্ষেত্র

উত্তর ✓ খ ব্যাখ্যা রম্বস: যে চতুর্ভুজের প্রতিটি বাহু সমান পরস্পর সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয়, তাকে রম্বস বলে





চিত্রে ABCD একটি রম্বস।

**০৬. ২৫৩ ডিগ্রি কোণকে কি কোণ বলে?**

ক. সূক্ষ্মকোণ খ. স্থূলকোণ
গ. পূরককোণ ঘ. প্রবৃদ্ধকোণ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা প্রবৃদ্ধকোণ: দুই সমকোণ বা ১৮০° অপেক্ষা বড় কিন্তু চার সমকোণ বা ৩৬০° অপেক্ষা ছোট কোণকে প্রবৃদ্ধকোণ বলে।




চিত্রে, ∠AOB = প্রবৃদ্ধকোণ।

**০৭. ৬০০ টাকার ৬ বছরের সরল সুদ ১৮০ টাকা হলে সরল সুদের হার কত?**

ক. ৫% খ. ১০%
গ. ১২% ঘ. ১৭%

উত্তর ✓ ক ব্যাখ্যা সুদের হার $= \frac{\text{সুদ} \times ১০০}{\text{আসল} \times \text{সময়}}$

$= \frac{১৮০ \times ১০০}{৬০০ \times ৬}$

= ৫%

**০৮. পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বছর। আবার পিতা, মাতা ও এক পুত্রের বয়সের গড় ৩৬ বছর। পুত্রের বয়স কত?**

ক. ৯ বছর খ. ১৪ বছর
গ. ১৫ বছর ঘ. ১৮ বছর

উত্তর ✓ ঘ ব্যাখ্যা

পিতা + মাতা + একপুত্রের মোট বয়স (৩৬ × ৩) = ১০৮ বছর
পিতা + মাতার মোট বয়স (৪৫ × ২) = ৯০ বছর
এক পুত্রের বয়স = ১৮ বছর

**০৯. এক ব্যক্তির মাসিক আয় ও ব্যয়ের অনুপাত ৫ : ৩ এবং তার মাসিক সঞ্চয় ১০,০০০ টাকা হলে তিনি কত টাকা আয় করেন?**

ক. ২০,০০০ খ. ২২,৫০০
গ. ২৫,০০০ ঘ. ৩০,০০০

উত্তর✓ গ ব্যাখ্যা মনে করি, আয় ৫x ও ব্যয় ৩x

∴ সঞ্চয় = আয় – ব্যয়

⇒ ১০,০০০ = ৫x – ৩x

⇒ ২x = ১০,০০০

⇒ x = $\frac{১০০০০}{২}$ = ৫০০০ টাকা

∴ আয় হয় = (৫ × ৫০০০) = ২৫,০০০ টাকা

**১০. কোন পরীক্ষায় ৮০% গণিত এবং ৭০% বাংলায় পাস করল। উভয় বিষয়ে পাস করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল?**

ক. ১৫% খ. ১০%
গ. ১২% ঘ. ১১%

উত্তর✓ খ ব্যাখ্যা

শুধু গণিতে পাশ করে = (৮০ - ৬০)% = ২০%

শুধু বাংলায় পাশ করে = (৭০ - ৬০)% = ১০%

এক বা উভয় বিষয় পাশ করে = (২০+১০+৬০)% = ৯০%

উভয় বিষয়ে ফেল করে = (১০০ - ৯০)% = ১০%

**১১. দুটি সংখ্যার অনুপাত ৩ : ৪ এবং তাদের ল. সা. গু ১৮০। সংখ্যা দুটি কী কী?**

ক. ৭০, ৬০ খ. ৬০, ৫০
গ. ৫০, ৪০ ঘ. ৪৫, ৬০

উত্তর✓ ঘ ব্যাখ্যা মনে করি, সংখ্যা দু'টি ৩ক ও ৪ক

সংখ্যাদ্বয়ের ল.সা.গু. = ১২ক

প্রশ্নমতে, ১২ক = ১৮০

⇒ ক = $\frac{১৮০}{১২}$ = ১৫

∴ সংখ্যাদ্বয় = ৩ × ১৫ = ৪৫ এবং ৪ × ১৫ = ৬০

**১২. একটি জিনিস ২৫ টাকায় বিক্রি করায় ২৫% লাভ হলো, জিনিসটির ক্রয়মূল্য কত?**

ক. ১৫ টাকা খ. ২০ টাকা
গ. ১৭.৫০ টাকা ঘ. ১৮ টাকা

উত্তর✓ খ ব্যাখ্যা ক্রয়মূল্য = $\frac{\text{বিক্রয়মূল্য} \times ১০০}{১০০+\text{লাভ}}$

= $\frac{২৫ \times ১০০}{১০০+২৫}$

= $\frac{২৫ \times ১০০}{১২৫}$

= ২০ টাকা

**১৩. অনুপাত কী?**

ক. একটি পূর্ণ সংখ্যা খ. একটি মৌলিক সংখ্যা
গ. একটি ভগ্নাংশ ঘ. একটি জোড় সংখ্যা

উত্তর✓ গ ব্যাখ্যা অনুপাত: দুই বা ততোধিক জিনিসের মধ্যে একটি অপরটির তুলনায় কতগুণ বড় বা ছোট প্রকাশ করাকেই অনুপাত বলে। যেমন: ২:৩ এটাকে $\frac{২}{৩}$ আকারে লেখা যায়। তাই অনুপাতকে ভগ্নাংশও বলা হয়।

**১৪. ক ও খ একত্রে একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা কাজটি ২০ দিনে করতে পারে। খ একা কাজটি কত দিনে করতে পারবে?**

ক. ২৫ দিনে খ. ৩০দিনে
গ. ৩৫ দিনে ঘ. ৪০ দিনে

উত্তর✓ খ ব্যাখ্যা একা কাজ করলে,

সময় = $\frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা - ছোট সংখ্যা}}$ × অংশ

= $\frac{২০ \times ১২}{২০ - ১২}$ [অংশ উল্লেখ থাকলে মান বসাতে হবে]

= $\frac{২০ \times ১২}{৮}$

= ৩০ দিন

**১৫. ১৬.৫ এর ১.৩% কত?**

ক. ২.১৪৫ খ. ২১.৪৫
গ. ০.০২১৪৫ ঘ. ০.২১৪৫

উত্তর✓ ঘ ব্যাখ্যা ১৬.৫ এর ১৩% = ১৬.৫ এর $\frac{১৩}{১০০}$

= $\frac{২১.৪৫}{১০০}$

= ০.২১৪৫

**১৬. ০, ১, ২ এবং ৩ দ্বারা গঠিত চার অংকের বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল কত?**

ক. ৩১৪৭ খ. ২২৮৭
গ. ২৯৮৭ ঘ. ২১৮৭

উত্তর✓ ঘ ব্যাখ্যা বৃহত্তম সংখ্যা ৩২১০
ক্ষুদ্রতম সংখ্যা ১০২৩
বিয়োগফল = ২১৮৭

**১৭. ২০০৯ সালের ১ জানুয়ারি বৃহস্পতিবার ছিল। একই বছরের ৩১ ডিসেম্বর কি বার ছিল?**

ক. সোমবার খ. বৃহস্পতিবার
গ. বুধবার ঘ. শনিবার

উত্তর✓ খ ব্যাখ্যা লিপ ইয়ার ব্যতীত অন্যান্য বছরের ক্ষেত্রে বছরের শুরু ও শেষের দিন একইবার হয়। ২০০৯ সাল অধিবর্ষ বা লিপ ইয়ার না। তাই ২০০৯ সালের ১জানুয়ারি এবং ৩১ ডিসেম্বর একই বার হবে।

**১৮. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে, পরিসীমা কত?**

ক. ৯৬ মিটার খ. ২৫৬ মিটার
গ. ১২৮ মিটার ঘ. ৪৮ মিটার

উত্তর✓ ক ব্যাখ্যা মনে করি, বিস্তার x, দৈর্ঘ্য ২x

আয়তাকার এর ক্ষেত্রফল = দৈর্ঘ্য × বিস্তার

∴ ৫১২ = ২x × x

⇒ ২$x^2$ = ৫১২

⇒ $x^2$ = $\frac{৫১২}{২}$ = ২৫৬

⇒ x = $\sqrt{২৫৬}$ = ১৬ মিটার

∴ পরিসীমা = ২ (দৈর্ঘ্য + বিস্তার)

= ২(১৬+২×১৬)

= ২(১৬+৩২)

= ৯৬ মিটার।

১৯. (০.৪ × ০.০৫ × ০.০২)/০.০১ = ?

ক. ০.৪ খ. ০.০৪
গ. ০.০০৪ ঘ. কোনোটিই নয়

উত্তর✓ খ ব্যাখ্যা

$$\frac{০.৪ \times ০.০৫ \times ০.০২}{০.০১} = \frac{০.০০০০৪}{.০১}$$

$$= \frac{৪০ \times ১০০}{১০০০০০ \times ১}$$

$$= ০.০৪$$

২০. কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম?

ক. ৫/৬ খ. ১২/১৫
গ. ১১/১৪ ঘ. ১৭/২১

উত্তর✓ গ ব্যাখ্যা

$\frac{৫}{৬} = ০.৮৩, \frac{১২}{১৫} = ০.৮, \frac{১১}{১৪} = ০.৭৮, \frac{১৭}{২১} = ০.৮০$

উক্ত ফলাফলে $\frac{১১}{১৪} = ০.৭৮$ ক্ষুদ্রতম।

২১. 'না' কোন জাতীয় শব্দ?

ক. সর্বনাম খ. অব্যয়
গ. ক্রিয়া ঘ. বিশেষণ

উত্তর✓ খ ব্যাখ্যা 'না' মূলত অনন্বয়ী অব্যয়। যে অব্যয় পদের সঙ্গে বাক্যের অন্য কোনো পদের অন্বয় নেই তাকে 'অনন্বয়ী অব্যয়' বলে। অন্তর্ভাব প্রকাশক, সম্বোধনবাচক, বাক্যালংকার এবং সম্মতি বা অসম্মতিবাচক অব্যয় এই শ্রেণিতে পড়ে। যেমন: স্বীকৃতি বা অস্বীকৃতি জ্ঞাপনে - হ্যাঁ, আমি যাব। না, আমি যাব না।

২২. 'সন্ধ্যা' শব্দের বিশেষণটি নির্দেশ করুন।

ক. সাঁঝ খ. সন্ধ্যা
গ. সন্দা ঘ. সান্ধ্য

উত্তর✓ ঘ ব্যাখ্যা

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|
| সন্ধ্যা | সান্ধ্য | অধ্যয়ন | অধীত |
| পরলোক | পারলৌকিক | জীবন | জীবিত |
| অধুনা | আধুনিক | চালাকি | চালাক |

২৩. 'ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ' কে রচনা করেন?

ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. সুকুমার সেন

উত্তর✓ খ ব্যাখ্যা

| রচয়িতা | ব্যাকরণ গ্রন্থের নাম |
|---|---|
| ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর | ব্যাকরণ কৌমুদী |
| ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় | The origin and Development of the Bengali Language (ODBL); ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ। |
| ড. মুহম্মদ শহীদুল্লাহ | বাঙ্গালা ব্যাকরণ। |
| সুকুমার সেন | ভাষার ইতিবৃত্ত |

২৪. ব্যাকরণ শব্দটি হলো–

ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. তদ্ভব ঘ. মাতঙ্গ

উত্তর✓ ক ব্যাখ্যা 'ব্যাকরণ' শব্দটি সংস্কৃতি থেকে বাংলায় এসেছে। এর ব্যুৎপত্তি বি + আ + √কৃ + অন = ব্যাকরণ, যার অর্থ বিশেষভাবে বিশ্লেষণ। আরো কয়েকটি 'তৎসম' শব্দ: নক্ষত্র, চন্দ্র, হস্তী, নিমন্ত্রণ, বৃক্ষ, লতা, গ্রহ, নারী, পুরুষ, ভবন, পর্বত, মাতা, ছাত্র, পাত্র, ভ্রাতা, সন্ধ্যা, পণ্ডিত, ধর্ম, কর্ম, মৃত্যু।

২৫. 'আশীবিষ'-এর অর্থ কি?

ক. ভুজঙ্গ খ. মার্তণ্ড
গ. হুতাশন ঘ. মাতঙ্গ

উত্তর✓ ক ব্যাখ্যা 'আশীবিষ' শব্দের অর্থ যার দাঁতে বিষ থাকে অর্থাৎ সাপ, ভুজঙ্গ, অহি, নাগ, ফণী, সর্প, উরগ, পন্নগ, কাকোদর সরীসৃপ প্রভৃতি।

২৬. কোনটি স্বরসন্ধির উদাহরণ?

ক. নিজন্ত খ. অহরহ
গ. বিদ্যালয় ঘ. দুঃশ্চিন্তা

উত্তর✓ গ ব্যাখ্যা বিদ্যা + আলয় = বিদ্যালয় (স্বরসন্ধি)। কতিপয় স্বরসন্ধির উদাহরণ- মরু + উদ্যান = মরূদ্যান, স্ব + ইচ্ছা = স্বেচ্ছা; দ্বীপ + আয়ন = দ্বৈপায়ন; পরি + ঈক্ষা = পরীক্ষা; প্র + ঊঢ় = প্রৌঢ়; বহ্নি + উৎসব = বহ্ন্যুৎসব; তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত; গৈ + অক = গায়ক; নব + অন্ন = নবান্ন; পরি + অবেক্ষণ = পর্যবেক্ষণ।

২৭. শব্দ ও ধাতুর মূলকে বলে–

ক. প্রকৃতি খ. ধাতু
গ. বিভক্তি ঘ. কারক

উত্তর✓ ক ব্যাখ্যা শব্দ ও ধাতুর বা পদের মূল অংশকে বলে প্রকৃতি। প্রকৃতি কথাটির অর্থ 'মূল' অর্থাৎ ক্রিয়ামূল ও শব্দমূল। যেমন: চল্ + আ; এখানে 'চল' হলো প্রকৃতি বা ধাতু। আর 'আ' হলো প্রত্যয়। প্রকৃতি দুই (২) প্রকার। যথা: ১. নাম প্রকৃতি ২. ক্রিয়া প্রকৃতি।

২৮. 'অক্ষির সমীপে'র সংক্ষেপ হলো–

ক. সমক্ষ খ. পরোক্ষ
গ. প্রত্যক্ষ ঘ. নিরপেক্ষ

২৯. 'কালান্তর' শীর্ষ প্রবন্ধ গ্রন্থের রচয়িতা কে?

ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ. রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
গ. প্রমথ চৌধুরী ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'কালান্তর' (১৯৩৭) রবীন্দ্রনাথ ঠাকুরের শেষ জীবনে রচিত একটি রাজনৈতিক প্রবন্ধগ্রন্থ। ব্রিটিশ শাসনাধীন ভারতের রাজনৈতিক সমস্যাসমূহ রবীন্দ্রনাথ এ প্রবন্ধগ্রন্থে আলোকপাত করেছেন।

৩০. 'সূর্য'-এর প্রতিশব্দ–

ক. সুধাংশু খ. শশাঙ্ক
গ. বিধু ঘ. আদিত্য

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'সূর্য' শব্দের প্রতিশব্দ হলো: আদিত্য, তপন, দিবাকর, ভাস্কর, ভানু, মার্তণ্ড, রবি, সবিতা, অর্ক, কিরণমালী, বিভাকর, মিহির, আফতাব প্রভৃতি। বিধু, শশাঙ্ক, সুধাংশু, হিমকর, শীতাংশু, চন্দ্র, শশী, সোম, রজনীকান্ত, কলানাথ, শীতকর প্রভৃতি 'চাঁদ' শব্দের সমার্থক শব্দ।

৩১. 'অপর্ণা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন নাটকের নায়িকা?

ক. বিসর্জন খ. চিত্রাঙ্গদা
গ. রক্তকরবী ঘ. রাজা ও রাণী

উত্তর✓ ক ব্যাখ্যা রবীন্দ্রনাথ ঠাকুর ত্রিপুরা রাজ্যের রাজপরিবারের দ্বন্দ্ব নিয়ে 'রাজর্ষি' (১২৯৩ বঙ্গাব্দ) উপন্যাস রচনা করেন। এই উপন্যাসের প্রথমাংশ অবলম্বনে রবীন্দ্রনাথ 'বিসর্জন' (১২৯৭ বঙ্গাব্দ) নাট্যকাব্য রচনা করেন। 'বিসর্জন' নাটকের চরিত্র: অর্পণা, জয়সিংহ, রঘুপতি, গুণবতী, গোবিন্দমাণিক্য প্রমুখ। এই নাটকের মূল প্রতিপাদ্য বিষয়: মানব প্রণীত আচার বিধির নৃশংসতার (বিশেষ করে বলিপ্রথা) বিরুদ্ধে মানব চিত্তের বেদনার্ত প্রতিবাদ।

৩২. 'কান পাতলা' অর্থ কী?
ক. অবিশ্বাসী　খ. বিশ্বাসপ্রবণ
গ. বিশ্বাসী　ঘ. বিশ্বাসহীন　উত্তর খ

৩৩. 'এমন ছেলে আর দেখিনি' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্তায় শূন্য　খ. কর্মে শূন্য
গ. অপাদানে শূন্য　ঘ. অধিকরণে শূন্য　উত্তর খ

৩৪. কোন শব্দটি ভুল?
ক. মহুদান　খ. কটূক্তি
গ. পরিপক্ত　ঘ. অঞ্জলি
উত্তর✓ গ ব্যাখ্যা অপশনে প্রদত্ত 'পরিপক্ত' বানানের শুদ্ধরূপ: 'পরিপক্ব'। কতিপয় শুদ্ধ বানান: পণপ্রথা, পাণিনি পৌরোহিত্য, প্রবহমান, প্রাণিজগৎ, প্রাণী, প্রাণিবিদ্যা, পিপীলিকা, প্রোজ্জ্বল, পল্লি, পুরুষানুপুরুষ, পঙ্‌ক্তি, প্রত্যূষ।

৩৫. কোনটি শুদ্ধ বানান?
ক. তিতীক্ষা　খ. তীতিক্ষা
গ. তিতিক্ষা　ঘ. তীতীক্ষা
উত্তর✓ গ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান: তিতিক্ষা, ত্বরান্বিত, তত্ত্বাবধায়ক, তদ্রূপ, ত্যাজ্য, তত্ত্ব, তিরস্কার, তরণি, তন্দ্রা, তদানীন্তন, তন্ময়, তাম্বূল, তীক্ষ্ণ, তেজস্ক্রিয়।

৩৬. 'হযরত মুহম্মদ (স) ছিলেন একজন আদর্শ মানব' বাক্যটি নিম্নোক্ত কোন শ্রেণির বাক্য?
ক. মিশ্র　খ. জটিল
গ. যৌগিক　ঘ. সরল
উত্তর✓ ঘ ব্যাখ্যা যে বাক্যে একটি মাত্র কর্তা (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে, তাকে সরল বাক্য বলে। যেমন: তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি। সত্য বললে মুক্তি পাবে।

৩৭. কোনটি খাঁটি বাংলা উপসর্গ?
ক. অজ　খ. অতি
গ. ফি　ঘ. খাস
উত্তর✓ ক ব্যাখ্যা উপসর্গ তিন প্রকার। যথা: ১. বাংলা উপসর্গ ২. সংস্কৃত উপসর্গ ৩. বিদেশি উপসর্গ। খাঁটি বাংলা উপসর্গ ২১টি। যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

৩৮. 'রান্না'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. রান + না　খ. রাঁদ + না
গ. রান্ন + আ　ঘ. রাঁধ্ + না
উত্তর✓ ঘ ব্যাখ্যা রাধ্ + না = রান্না। এটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ।

৩৯. কোনটি ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ?
ক. ঝম-ঝম　খ. ভাল-ভাল
গ. রাশি-রাশি　ঘ. ঘন-ঘন
উত্তর✓ ক ব্যাখ্যা 'ধ্বন্যাত্মক দ্বিরুক্তি' দ্বারা বহুত্ব, আধিক্য ইত্যাদি বোঝায়। ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ হলো: ঝম ঝম, মড় মড়, ঠা ঠা, মিন মিন, কা কা, ঝন ঝন, টপাটপ, ঝমঝমি, ঝনঝনি, পটপট প্রভৃতি।

৪০. নীল যে আকাশ = নীলাকাশ কোন সমাস?
ক. বহুব্রীহি　খ. দ্বিগু
গ. কর্মধারয়　ঘ. অব্যয়ীভাব
উত্তর✓ গ ব্যাখ্যা যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন: নীল যে আকাশ = নীলাকাশ, বাহু লতার ন্যায় = বাহুলতা

৪১. **Which one is in singular number?**
ক. Criteria　খ. Data
গ. Agenda　ঘ. Index
উত্তর✓ ঘ ব্যাখ্যা Index অর্থ সূচি যার plural form হলো Indices/Indexes।

৪২. **The —— board has deleted a number of scenes.**
ক. Censer　খ. Censar
গ. Censor　ঘ. Censur　উত্তর গ

৪৩. **I decided to go —— with my friend as I needed some exercise.**
ক. to walk　খ. for a walk
গ. for walking　ঘ. walk
উত্তর✓ খ ব্যাখ্যা for a walk অর্থ বেড়ানো বা হাটাহাটি করা।

৪৪. **Which of the following sentences is correct sentence?**
ক. I forbade him from going
খ. I forbade him to go
গ. I forbade him going
ঘ. I forbade him not to go　উত্তর ক

৪৫. **The word 'Indigenous' is meaning of–**
ক. Foreign　খ. Native
গ. Local　ঘ. Remote
উত্তর✓ খ ব্যাখ্যা Indigenous অর্থ দেশী বা native।

৪৬. **Which one is the correct narration-Who told "Do the Work"-**
ক. He said that do the work
খ. He asked to do the work
গ. He requested doing the wor
ঘ. He told doing the work　উত্তর খ

৪৭. **'Proclaim' means :**
ক. circulate　খ. announce
গ. pronounce　ঘ. declare
উত্তর✓ ঘ ব্যাখ্যা Proclaim অর্থ ঘোষণা করা।

৪৮. টাকায় টাকা আনে-প্রবাদটির শুদ্ধ ইংরেজি কি?
ক. Money brings money
খ. Money beings money
গ. Money begets money
ঘ. Money makes money　উত্তর গ

৪৯. কোন মানুষ একা বাস করতে পারে না? শুদ্ধ ইংরেজিতে অনুবাদ কোনটি?
ক. No man can live alone.
খ. None can live alone.
গ. No one can live alone.
ঘ. Nobody can live alone.　উত্তর ক

৫০. **Choose the correct form (passive) of– 'Who will do the work?'**
ক. Who will be done the work?
খ. Who will be done the work?
গ. By whom will the work be done?
ঘ. Whom will the work be done?
উত্তর✓ গ ব্যাখ্যা Active- এ who থাকলে passive - এ By whom হবে।

**৫১. Choose the correct spelt word.**
ক. Superceed খ. Superseed
গ. Supercede ঘ. Supersede
উত্তর: ঘ ব্যাখ্যা: Supersede অর্থ স্থান অধিকার করা।

**৫২. তুমি কি কখনো কুয়াকাটা গিয়েছ? শুদ্ধ ইংরেজিতে অনুবাদ কোনটি?**
ক. Have you ever gone to Kuakata?
খ. Have you ever gone Kuakata?
গ. Have you ever been to Kuakata?
ঘ. Did you ever go to Kuakata?
উত্তর: গ

**৫৩. কোনটি শুদ্ধ বানান?**
ক. bouguete খ. bouquet
গ. bouguette ঘ. bogu
উত্তর: খ ব্যাখ্যা: Bouquet অর্থ ফুলের তোড়া।

**৫৪. 'He took me there.' The passive voice is–**
ক. I was taken there by him
খ. I was to be taken there by him
গ. Ishould be taken there by him
ঘ. He was trying to take me there
উত্তর: ক

**৫৫. To 'raise ones brows' indicates that–**
ক. anoyance খ. disapproval
গ. indifference ঘ. surprise
উত্তর: ঘ ব্যাখ্যা: To raise one's brows মানে আশ্চর্য হওয়া।

**৫৬. 'Able' শব্দটির Verb নিচের কোনটি?**
ক. Unable খ. Enable
গ. Disable ঘ. Ability
উত্তর: খ ব্যাখ্যা: Able (adj) অর্থ সক্ষম এবং এর verb হচ্ছে Enable যার অর্থ সক্ষম করা।

**৫৭. Government has been entrusted–elected politicians.**
ক. with খ. for
গ. to ঘ. at
উত্তর: ক

**৫৮. Choose the pair of words that expresses a relationship similar to that of given pair– Words : Writer**
ক. laws : policeman খ. butter : backer
গ. chalk : black board ঘ. joy : emotion
উত্তর: খ ব্যাখ্যা: Writer (লেখক) words দিয়ে লেখা তৈরি করেন। আর ঠিক তেমনি Baker (রুটি প্রস্তুতকরক) butter দিয়ে বিস্কুট বা রুটি তৈরি করেন।

**৫৯. কোন বানানটি শুদ্ধ?**
ক. Buracrat খ. Bureaucret
গ. Bureaucrat ঘ. Bureaucrate
উত্তর: গ ব্যাখ্যা: Bureaucrat অর্থ সরকারী কর্মকর্তা।

**৬০. Which of the following sentences is correct?**
ক. That shirt which he bought is blue in colour
খ. The shirt that he bought is blue in colour
গ. Which shirt he bought is blue in colour
ঘ. The shirt which he bought is blue in colour
উত্তর: ঘ

**৬১. পিথাগোরাসের জন্ম কোথায়?**
ক. ফ্রান্সে খ. ব্রিটেনে
গ. ইরাক ঘ. গ্রিসে
উত্তর: ঘ ব্যাখ্যা: পিথাগোরাস (খ্রিস্টপূর্ব ৫৭০ - ৪৯৭ অব্দ) ছিলেন একজন গ্রিক দার্শনিক ও গণিতবিদ। তিনি এজিয়ান সাগরের পূর্ব উপকূল অর্থাৎ বর্তমান তুরস্কের কাছাকাছি অবস্থিত সামোস দ্বীপে জন্মেছিলেন।

**৬২. ভারত ও চীনের সীমান্ত রেখার নাম কী?**
ক. ম্যাকমোহন লাইন খ. ডুরান্ড লাইন
গ. রেডলাইন ঘ. রেডক্লিফ
উত্তর: ক ব্যাখ্যা:

| সীমারেখার নাম | যে দেশ চিহ্নিত করেছে |
|---|---|
| ম্যাকমোহন লাইন | ভারত ও চীন |
| ডুরান্ড লাইন | পাকিস্তান ও আফগানিস্তান |
| র‍্যাডক্লিফ লাইন | ভারত ও পাকিস্তান |

**৬৩. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার (মূল রূপকার নকশাকার) কে?**
ক. জয়নুল আবেদিন খ. কামরুল হাসান
গ. হাশেম খান ঘ. হামিদুর রহমান
উত্তর: খ ব্যাখ্যা: জাতীয় পতাকার নকশা প্রথম তৈরি করেন শিব নারায়ণ দাস ৬ জুন ১৯৭০ সালে। বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকার রূপকার বা নকশাকার চিত্রশিল্পী কামরুল হাসান। বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকা গৃহীত হয় ১৭ জানুয়ারি ১৯৭২ সালে।

**৬৪. ঢাকা বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠিত হয়?**
ক. ১৯২১ খ. ১৯২৫
গ. ১৯২৯ ঘ. ১৯৩৩
উত্তর: ক ব্যাখ্যা: ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ১৩ সদস্য বিশিষ্ট নাথান কমিশন গঠিত হয় ২৭ মে ১৯১২ সালে। কমিশনের সভাপতি ছিলেন ব্যারিস্টার রবার্ট নাথান। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১ জুলাই ১৯২১ সালে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম চ্যান্সেলর লওরেন্স জন ডানডাস এবং উপাচার্য ফিলিপ জোসেফ হার্টজ।

**৬৫. গ্রিনিচ কোথায় অবস্থিত?**
ক. এডিনবরা খ. লিডস
গ. বার্মিংহাম ঘ. লন্ডন
উত্তর: ঘ ব্যাখ্যা: গ্রিনিচ মান মন্দির ইংল্যান্ডের রাজধানী লন্ডনে অবস্থিত। এ স্থানের উপর দিয়ে মূল মধ্যরেখা অতিক্রম করেছে। এখানের সময়কে আদর্শ ধরে আন্তর্জাতিক সময় পদ্ধতি International Standard Time (IST) গণনা করা হয়।

**৬৬. নিচের কোনটি Operating system নয়?**
ক. MS word খ. Windos 98
গ. DOS ঘ. LINUX
উত্তর: ক ব্যাখ্যা: অপারেটিং সিস্টেম: কম্পিউটারের ক্ষেত্রে, ব্যবহারীর নির্দেশ অনুযায়ী কম্পিউটারের অভ্যন্তরে হার্ডওয়্যার এবং এপ্লিকেশন প্রোগ্রামগুলোর মধ্যে কাজের সমন্বয় সাধন করে সমগ্র কাজ পরিচালনার জন্য তৈরী প্রোগ্রাম। যেমন: MS DOS, UNIX, LINUX, Windows98.

**৬৭. 'BARD' বলতে কি বোঝায়?**
ক. Better Association for Rural Development
খ. Bangladesh Association for Rural Development
গ. Bangladesh Advancement for Rural Development
ঘ. Bangladesh Academy for Rural Development
উত্তর: ঘ ব্যাখ্যা: BARD এর পূর্ণরূপ Bangladesh Academy for Rural Development. আখতার হামিদ খান ১৯৫৯ সালে কুমিল্লার কোটবাড়িতে এটি প্রতিষ্ঠা করেন। BARD গঠনের মূল উদ্দেশ্য পল্লী দারিদ্র্য বিমোচন। বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান।

৬৮. ভারত ও বাংলাদেশের মধ্যে অবস্থিত মোট ছিটমহলের সংখ্যা কতটি?

ক. ১১১টি খ. ৫১টি
গ. ১৩০টি ঘ. ১৬২টি

উত্তর ✓ ঘ ব্যাখ্যা ভারতের ১১১ এবং বাংলাদেশের ৫১ টি ছিটমহল মিলে মোট ছিটমহল ছিল ১৬২ টি। ১৬ মে ১৯৭৪ সালে স্বাক্ষরিত বাংলাদেশ- ভারত স্থলসীমান্ত চুক্তি অনুযায়ী ছিটমহল বিনিময় বা বিলুপ্ত হয় ১ আগষ্ট ২০১৫ সালে। বাংলাদেশ লাভ করে ১১১ টি ছিটমহল এবং ভারত লাভ করে ৫১ টি ছিটমহল।

৬৯. কোন দেশ ব্রিকস গ্রুপের অন্তর্ভুক্ত নয়?

ক. রাশিয়া খ. ব্রিটেন
গ. ভারত ঘ. দক্ষিণ আফ্রিকা

উত্তর ✓ খ ব্যাখ্যা BRICS গঠিত হয় ১৬ মে ২০০৮ সালে। এর সদস্য দেশ পাঁচটি। ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকা। পাঁচটি সদস্য দেশের অদ্যাক্ষর নিয়ে BRICS নামকরণ করা হয়েছে। BRICS এর নবম সম্মেলন অনুষ্ঠিত হয় ২০১৭ সালে চীনের জিয়ামেন শহরে।

৭০. ঢাকা শহরের প্রধান মোগল স্থাপত্য কোনটি

ক. বর্ধমান হাউস খ. লালবাগ
গ. আহসান মঞ্জিল ঘ. বড় কাটারা

উত্তর ✓ খ ব্যাখ্যা ঢাকা শহরের প্রধান মুঘল স্থাপত্য লালবাগ কেল্লা। এর অপর নাম আওরঙ্গবাদ দুর্গ। সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহজাদা মোহাম্মদ আজম শাহ ১৬৭৮ সালে লালবাগ কেল্লার নির্মান কাজ শুরু করেন। নির্মাণ কাজ সমাপ্ত করেন শায়েস্তা খান।

৭১. চিন্তার সঙ্গে মস্তিষ্কের যে অংশের সম্পর্ক তাকে বলা হয়-

ক. সেরিব্রাম খ. সেরিবেলাম
গ. মেডুলা ঘ. স্পাইনাল কর্ড

উত্তর ✓ ক ব্যাখ্যা সেরিব্রাম: মস্তিষ্কের সবচেয়ে বৃহৎ অংশ যা বাম ও ডান ২টি অর্ধে বিভক্ত। অধিকাংশ মানুষের বাম অংশ অধিক ক্রিয়াশীল বলে তারা ডান হাত দিয়ে অধিক কাজ করে। এখানে বিভিন্ন স্নায়ু কোষের কোষ দেহ অবস্থিত। স্নায়ু উদ্দীপনা, চিন্তা, শোনা, ব্যবহার, আচার ইত্যাদির সঙ্গে এই অংশের সম্পর্ক থাকে।

৭২. চাঁদ দিগন্তের কাছে অনেক বড় দেখায়, তার কারণ কি?

ক. বায়ুমণ্ডলীয় প্রতিসরণ খ. আলোর বিচ্ছুরণ
গ. অপার্তন ঘ. দৃষ্টি বিভ্রম

উত্তর ✓ ক ব্যাখ্যা চাঁদ থেকে আলোক রশ্মি পৃথিবীপৃষ্ঠে আসার সময় পৃথিবীর বায়ুমণ্ডলে আলোর প্রতিসরণ ঘটে অর্থাৎ আলোক রশ্মি বেঁকে যায়। চাঁদ যখন দিগন্তের কাছে থাকে তখন আলোক রশ্মি তুলনামূলকভাবে অধিক পরিমাণে বেঁকে যায় এ কারণে চাঁদকে ডিম্বাকৃতি এবং অনেক বড় দেখায়।

৭৩. কোনো ই-মেইল 'CC-এর অর্থ কি?

ক. Close Circuit খ. Carbon Copy
গ. Close Contaci ঘ. Cor.tact Center

উত্তর ✓ খ ব্যাখ্যা CC - Carbon Copy ইমেইল পাঠানোর সময় CC এর ঘরে প্রাপকের ঠিকানা লিখতে হবে।

৭৪. মো. জিল্লুর রহমান বাংলাদেশের কততম রাষ্ট্রপতি ছিলেন?

ক. ১৯তম খ. ২০তম
গ. ১৬তম ঘ. ১৮তম

উত্তর ✓ ক ব্যাখ্যা বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ১৯ তম রাষ্ট্রপতি মো: জিল্লুর রহমান। বর্তমান ও ২০ তম রাষ্ট্রপতি মো: আবদুল হামিদ এডভোকেট।

৭৫. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করা হয় কোন সালে?

ক. ১৯৯৭ খ. ১৯৯৮
গ. ১৯৯৯ ঘ. ২০০০

উত্তর ✓ গ ব্যাখ্যা ১৭ নভেম্বর ১৯৯৯ সালে ফ্রান্সের রাজধানী প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর সাধারণ অধিবেশনে ২১শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করা হয়। ২০০০ সাল থেকে জাতিসংঘের সদস্য দেশসমূহে দিবসটি পালিত হয়ে আসছে।

৭৬. কাজী নজরুল ইসলামের প্রথম উপন্যাস কোনটি?

ক. মৃত্যুক্ষুধা খ. ব্যথার দান
গ. কুহেলিকা ঘ. বাঁধনহারা উত্তর ঘ

৭৭. নিম্নের কোন ক্রিকেটার ইংল্যান্ডের নাগরিক?

ক. নাসের হুসেইন খ. এলান বর্ডার
গ. রিচার্জ হ্যাডলি ঘ. গ্যারি কারস্টেন

উত্তর ✓ ক ব্যাখ্যা

| ক্রিকেটারের নাম | দেশ |
|---|---|
| নাসের হুসেইন | ইংল্যান্ড |
| এলান বর্ডার | অস্ট্রেলিয়া |
| রিচার্ড হ্যাডলি | নিউজিল্যান্ড |
| গ্যারি কারস্টেন | দক্ষিণ আফ্রিকা |

৭৮. ফিফার কার্যালয় কোথায় অবস্থিত?

ক. সুইজারল্যান্ড খ. ইংল্যান্ড
গ. যুক্তরাষ্ট্র ঘ. ব্রাজিল

উত্তর ✓ ক ব্যাখ্যা FIFA এর পূর্ণরূপ Federation of International Football Association. FIFA প্রতিষ্ঠিত হয় ২১ মে ১৯০৪ সালে ফ্রান্সের প্যারিসে। FIFA এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জুরিখে অবস্থিত। বর্তমান সদস্য সংখ্যা ২১১।

৭৯. GIS-এর অর্থ কি?

ক. Geographic Information Service
খ. Geographic Information System
গ. Global Information Service
ঘ. Global Information System উত্তর ঘ

৮০. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কবে গৃহীত হয়?

ক. ৭ মার্চ ১৯৭১ খ. ২৬ মার্চ ১৯৭১
গ. ১০ এপ্রিল ১৯৭১ ঘ. ১৭ এপ্রিল ১৯৭১

উত্তর ✓ ঘ ব্যাখ্যা ১০ এপ্রিল ১৯৭১ : মুজিবনগর সরকার গঠন এবং স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয়।

১৭ এপ্রিল ১৯৭১ : মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে এবং স্বাধীনতার ঘোষণাপত্র গৃহীত হয়। স্বাধীনতার ঘোষণাপত্র পাঠ করেন অধ্যাপক এম ইউসুফ আলী।